# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 29 June, 2025

ফিফা ক্লাব বিশ্বকাপে বড় জয় পেয়েছে চেলসি।বেনফিকাকে ৪-১ গোলে হারিয়ে শেষ আটে জায়গা করে নিয়েছে ইংলিশ ক্লাবটি। কিন্তু এই জয়ের আনন্দ পুরোপুরি উপভোগ করতে পারেননি চেলসি কোচ এনজো মারেসকা।যুক্তরাষ্ট্রের অনির্ভরযোগ্য আবহাওয়া এবং ম্যাচের দীর্ঘ স্থগিতাদেশে ক্ষুব্ধ এই ইতালিয়ান কোচ ম্যাচটিকে সরাসরি "একটি কৌতুক" বলেও আখ্যা দিয়েছেন।

যুক্তরাষ্ট্রের ব্যাংক অব আমেরিকা স্টেডিয়ামে বাংলাদেশ সময় রাত ২টায় ম্যাচ শুরু হলেও বজ্রঝড় ও বৃষ্টির কারণে তা প্রায় ৫ ঘণ্টা পর শেষ হয়।নির্ধারিত সময়ের ৪ মিনিট বাকি থাকতেই বজ্রপাত শুরু হলে খেলা বন্ধ রাখা হয়।প্রায় দুই ঘণ্টা বিরতির পর আবার মাঠে গড়ায় বল।

“এটি কোনো ম্যাচ হতে পারে না, এটি স্রেফ কৌতুক।আপনি এত লম্বা সময় অপেক্ষা করতে পারেন না,” বলেন কোচ মারেসকা।

“এই প্রতিযোগিতা ক্লাব বিশ্বকাপ।বিশ্বের সেরা ক্লাবগুলো খেলছে এখানে।অথচ সাত-আটটি ম্যাচ স্থগিত হচ্ছে! এটা কোনো বিশ্বকাপের মানদণ্ড হতে পারে না।”

চেলসি কোচ আরও বলেন, নিরাপত্তার কারণে ম্যাচ স্থগিত হতে পারে, কিন্তু এভাবে বারবার না।ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ বা অন্যান্য বড় টুর্নামেন্টে এমনটা দেখা যায় না।

৮৫ মিনিট পর্যন্ত চেলসি ১-০ গোলে এগিয়ে ছিল।রিস জেমসের ফ্রি কিকে লিড নেয় দলটি।

খেলা পুনরায় শুরু হলে বেনফিকার জানলুকা প্রেস্তিয়ানি লাল কার্ড দেখে মাঠ ছাড়েন। ৯০ মিনিটের যোগ করা সময়ের শেষ দিকে পেনাল্টি থেকে সমতা ফেরান আনহেল ডি মারিয়া।

অতিরিক্ত সময়ে পর্তুগিজ ক্লাবটির ছন্দ ভেঙে পড়ে। চেলসির হয়ে একে একে গোল করেন এনকুনকু, পেদ্রো নেতো ও ডসবেরি-হল। ফলে বেনফিকা বিদায় নেয় আর চেলসি উঠে যায় শেষ আটে।

ফিফা ক্লাব বিশ্বকাপ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 00:07

URL: https://www.timestodaybd.com/sports/7758073905